# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ১৩. শলোমনের মন্দিরের বারান্দার উচ্চতা

শলোমনের মন্দির বা বায়তুল মোকাদ্দসের আয়তন বর্ণনায় ২ খান্দাননামা/ বংশাবলি ৩/৪ বলছে: ‘‘আর গৃহের সম্মুখস্থ বারান্দা গৃহের প্রস্থানুসারে বিশ হাত লম্বা ও এক শত বিশ হাত উঁচু হল।’’ (মো.-১৩)

‘১২০ হাত উঁচু’ কথাটা নিখাদ ভুল। ভবনটার উচ্চতাই ছিল ত্রিশ হাত (১ রাজাবলি ৬/২)। তাহলে বারান্দা কিভাবে ১২০ হাত উঁচু হবে? সকলেই এ ভুল স্বীকার করেন। কোনো কোনো বাইবেল প্রকাশক ভুলটা সংশোধন করে ‘২০ হাত’ লেখেছেন, যদিও তারা নিশ্চিত জানেন, হিব্রু বাইবেলের সকল পাণ্ডুলিপিতেই ‘১২০ হাত’ রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14153

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন